

অধ্যক্ষের কার্যালয়
সরকারি বিএম কলেজ, বরিশাল

বিজ্ঞপ্তি

১২/০৮/২০১৬

সম্মানিত বিভাগীয় প্রধানগণের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে অনার্স ১মবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন কার্ড অফিসের ভর্তি শাখা থেকে ১৬/০৮/২০১৬ তারিখ আপনার প্রতিনিধির মাধ্যমে গ্রহণের ব্যবস্থা করবেন। বিভাগে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যার সাথে মিলিয়ে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করতে হবে।

রেজিস্ট্রেশন কার্ড সংক্রান্ত নিয়মাবলী নিচে দেয়া হলঃ

- ক) মূল রেজিস্ট্রেশন কার্ডের নির্ধারিত স্থানে পার্সপোর্ট সাইজের ০১(এক) কপি সত্যায়িত রসিন ছবি আইকা গাম দিয়ে লাগাতে হবে এবং নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট শিক্ষার্থীর স্বাক্ষর গ্রহণের ব্যবস্থা করতে হবে।
- খ) মূল রেজিস্ট্রেশন কার্ডের নির্ধারিত স্থানে পার্সপোর্ট সাইজের ০১(এক) কপি সত্যায়িত রসিন ছবি আইকা গাম দিয়ে লাগানোর পরে অধ্যক্ষের স্বাক্ষর গ্রহণের জন্য অফিসে জমা দিতে অনুরোধ করা হলো।
- গ) রেজিস্ট্রেশন কার্ডে রেজিস্ট্রার এর ডিজিটাল স্বাক্ষর দেয়া আছে।
- ঘ) রেজিস্ট্রেশন কার্ড অফিস থেকে গ্রহণের পরে সঠিকভাবে যাচাই করতে হবে।
- ঙ) কোন বৈধ ছাত্র-ছাত্রী/শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড পাওয়া না গেলে, তাদের প্রামাণ্য কাগজপত্রসহ রিকুইজিশন ২১/০৮/২০১৬ তারিখের মধ্যে অফিসে জমা দিতে হবে।
- চ) রেজিস্ট্রেশন কার্ড পাওয়া যায়নি এমন রিকুইজিশন ২২/০৮/২০১৬ তারিখের পরে গ্রহণ করা হবেনা।
- ছ) যেসকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে নাম, পিতা/মাতার নামের বানানে ভুল আছে, তাদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে নিজ দায়িত্বে সংশোধন করে আনতে হবে। যেহেতু অন-লাইন প্রক্রিয়ায় ভর্তির ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ বিবরণী হাতে/ টাইপ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ে জমা দেয়া হয়নি। এক্ষেত্রে অফিসে যোগাযোগ করা যেতে পারে। নামের বানান সংশোধনের ক্ষেত্রে সাদা কাগজে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর বরাবরে অধ্যক্ষের মাধ্যমে আবেদন করে এর সাথে এস.এস.সি.এবং এইচ.এস.সি. পরীক্ষার সনদপত্রের ফটোকপি সত্যায়িত সংযুক্ত করে নির্ধারিত ফিসহ জাতীয় বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।
- জ) কোন ছাত্র-ছাত্রীর নামে একাধিক রেজিস্ট্রেশন কার্ড বা অতিরিক্ত পাওয়া গেলে তা অফিসে আলাদাভাবে জমা দিতে হবে।


অধ্যক্ষ

সরকারি বিএম কলেজ, বরিশাল


১২/০৮/১৬